



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৩ ফেব্রুয়ারি, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

আজ ১লা ফাল্গুন, ১৪২৪, ১৩ ফেব্রুয়ারি, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়। এ উপলক্ষে সকাল ৯.৩০ টায় ভাইস চ্যান্সেলরের প্রফেসর মো.ফরিদ উদ্দিন আহমেদ ও বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। সকাল ৯ টা ৪০ মিনিটে ভাইস চ্যান্সেলরের প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসের বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। বেলা ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখ থেকে ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করে।

র্যালি শেষে মুক্তমঞ্চে ভাইস চ্যান্সেলরের প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকলকে বিশ্ববিদ্যালয় দিবসের ও ১লা ফাল্গুনের শুভেচ্ছা জানিয়ে বলেন, শাবিপ্রবি বর্তমানে বাংলাদেশের অন্যতম সেরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠান। সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টার ফলেই আজকের এ অবস্থান। প্রতিষ্ঠা বার্ষিকীতে আমাদের অঙ্গীকারবদ্ধ হতে হবে, আমরা যেন সকলে মিলে বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে ধরে রাখতে পারি।

এসময় বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, শিক্ষক সমিতির নব নির্বাচিত সভাপতি প্রফেসর ড. সাইফুল ইসলাম, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানরা উপস্থিত ছিলেন।

পরে প্রতিষ্ঠা বার্ষিকী তথা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী কেক কাটা হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার